

2 0 1 6

BENGALI

(Major)

Paper : 5.2

(Galpa)

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

- (ক) ছবির স্বামীর নাম কী ?
- (খ) কত বছর বয়সে তমোনাশের মৃত্যু হয় ?
- (গ) ফৌজী সংকেতে আগুহল্ট স্টেশনের নাম কী ছিল ?
- (ঘ) নাসিমের গ্রামের নাম কী ?
- (ঙ) বাংলা স্কুলের ছেলেরা ধনিয়ার বাড়িটির কী নাম দিয়েছে ?
- (চ) সঞ্জয়ের বাড়ি কোথায় ছিল ?
- (ছ) “ওদের মধ্যে ঐ একটিমাত্র কালকেউটে ছিল।”
‘কালকেউটে’ বলতে কাকে বোঝানো হয়েছে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) মোহন পণ্ডিতের মৃত্যুর সময় তমোনাশ ও রিপুনাশের বয়স কত ছিল ?
- (খ) “শয়তানকে যে দেবতা মনে করে সে মূর্খ।” বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন ?
- (গ) ‘চতুর্থ পাণিপথের যুদ্ধ’ গল্পে কাদের ‘সোনাব্যাঙ’ ও ‘কোলাব্যাঙ’ বলা হয়েছে ?
- (ঘ) সঞ্জয়ের প্রেমিকার নাম কী? কার সঙ্গে তার বিয়ে ঠিক হয়েছে ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) “বেইমান হলে এরকমই হয় বটে।” ‘সীমারেখার সীমা’ গল্পে সতীনাথ কেন একথা বলেছিল তা স্পষ্ট করো।
- (খ) “তবু ওদের জন্য সমস্ত লজ্জা আমি একটা অহঙ্কারের মধ্যে লুকিয়ে রেখেছিলাম।” প্রসঙ্গটি বিশদ করো।
- (গ) “সর্বাঙ্গ ছাপিয়ে বিদ্যুটে আনন্দের জ্বালায় অস্থির হয়ে উঠলো ধনিয়া।” প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো।
- (ঘ) “আমাদের ক্লাসটা ছিল একটি নৃত্যের ল্যাবরেটরীর মতো।” বক্তার এরূপ মন্তব্যের কারণ কী, আলোচনা করো।
- (ঙ) ‘ফসিল’ গল্পে মি. মুখার্জী চরিত্রের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :

১০×৩=৩০

(ক) ‘সারেঙ’ গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

অথবা

“আপনাদের ভোট দেব কেন, কাউকেই দেব না।” বক্তা কেন ভোট দিতে চাননি তা ‘ভোটার সাবিত্রীবালা’ গল্পে অবলম্বনে আলোচনা করো।

(খ) ‘গোত্রান্তর’ গল্পে কার, কীভাবে গোত্রান্তর ঘটেছে, আলোচনা করো।

অথবা

‘অযাত্তিক’ গল্পের নামকরণ যথার্থ হয়েছে কিনা, বিচার করো।

(গ) “গাছ নতুন করে ভয় পেল।” গাছের এই ভয়ের কারণ কী তা ‘গাছ’ গল্পে অবলম্বনে বুঝিয়ে দাও।

অথবা

‘পরশুরামের কুঠার’ গল্পের ধনিয়া চরিত্রটি আলোচনা করো।
